দৈনিক বাংলা

তারিখ 12 MAR 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

11

# জাতীয় গ্রন্থনীতি

গত ২৮ ফেব্রুয়ারী মন্ত্রিসভার নিয়মিত সাপ্তাহিক বৈঠকে জাতীয় গ্রন্থনীতি অনুমোদিত হয়। গত ২ মার্চ সংস্কৃতি বিষয়ক মাননীয়া প্রতিমন্ত্রী জাতীয় গ্রন্থনীতি ঘোষণা করেন। গ্রন্থাগারিক ও প্রকাশনা জগতে এই দিনটি উল্লেখযোগ্য দিন হিসাবে চিহ্নিত হয়ে থাকবে। গ্রন্থাগারিক, লেখক, প্রকাশকদের দীর্ঘদিনের দাবী ছিলো গ্রন্থনীতি ঘোষণার। ১৯৯১ সালে মাননীয়া প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী জাতীয় গ্রন্থনীতি ঘোষিত হলো। এই গ্রন্থনীতির সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ। গ্রন্থনীতি বাস্তবায়নের জন্য আগামী এক মাসের মধ্যে একটি বাস্তবায়ন কমিটি গঠনের কথা প্রতিমন্ত্রী বলেছেন। এটা অবশ্যই প্রয়োজন। জাতীয় গ্রন্থনীতিতে বাংলাদেশে জাতীয় গ্রন্থাগার আইন করার সুপারিশ আছে। ২২ বছর পরে গ্রন্থাগারনীতি হয়নি এটি দুঃখজনক। দেশে যুগউপযোগী গ্রন্থাগার আইন হবে এটাই আশা।

মোঃ জিল্লুর রহমান
১১/এফ, স্টাফ কোয়ার্টারস্
গ্রীন রোড, ঢাকা-১২০৫।